## ১৯৬৬ সনের ১৬ নং আইন

# ক্যান্টনমেন্টস বিশুদ্ধ খাদ্য আইন, ১৯৬৬

ভাষান্তর ঃ মোঃ ফজলুল হক
অতিরিক্ত সচিব (অবঃ)
২০০৮।

১৯৬৬ সনের ১৬ নং আইন

# ক্যান্টনমেন্টস বিশুদ্ধ খাদ্য আইন, ১৯৬৬

ভাষান্তর ঃ মোঃ ফজলুল হক
অতিরিক্ত সচিব (অবঃ)
২০০৮।

# ১৯৬৬ সনের ১৬ নং আইন।

## ক্যান্টনমেন্টস বিশুদ্ধ খাদ্য আইন, ১৯৬৬।

*(পাকিস্তান গেজেট, অতিরিক্ত সংখ্যা, ২০ জুলাই, ১৯৬৬)*

**ক্যান্টনমেন্টসমূহে খাদ্যে ভেজাল মিশ্রণ প্রতিরোধকল্পে বিধান প্রণয়ন করার উদ্দেশ্যে একটি আইন।**

জাতীয় সংসদের নিম্নেবর্ণিত আইনটি ১৯ জুলাই, ১৯৬৬ তারিখে রাষ্ট্রপতির অনুমোদন লাভ করে এবং এতদ্বারা উহা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশিত হইল ঃ-

যেইহেতু ক্যান্টনমেন্টসমূহে খাদ্যে ভেজাল মিশ্রণ প্রতিরোধকল্পে এবং উহার সংশ্লিষ্ট সহায়ক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়ন করা সমীচীন;

সেইহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণযন করা হইল ঃ-

### অধ্যায় I – প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ এবং প্রবর্তন।**- (১) এই আইন ক্যান্টনমেন্টস বিশুদ্ধ খাদ্য আইন, ১৯৬৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা পাকিস্তানের সকল ক্যান্টনমেন্টে প্রযোজ্য হইবে।

(৩) ইহা তাৎক্ষণিকভাবে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই আইনে -

(১) "ভেজাল মিশ্রিত খাদ্য" অর্থ -

(i) উহা যেই প্রকৃতি, বস্তু বা গুণগত মান বুঝায় বা মনে করা হয় তাহা নয়, বা

(ii) যাহাতে এইরূপ বাহ্যিক পদার্থ থাকে যাহা খাদ্যের প্রকৃতি, বিষয়বস্তু বা গুণগত মানকে ক্ষতিগ্রস্ত করিতে পারে, বা

(iii) যাহা নিয়মাবলী লঙ্ঘন করিয়া অন্য কোন বস্তুর সহিত প্রক্রিয়াজাতকরণ, মিশ্রণ, রঙিন করা, বিচূর্ণ করা বা প্রলেপ প্রদান করা হয়, বা

(iv) যাহার কোন উপাদান সম্পূর্ণ বা আংশিকভাবে বিমূর্ত করা হইয়াছে যাহাতে উহার প্রকৃতি, বস্তু বা মানকে ক্ষতিকারকভাবে প্রভাবিত করিতে পারে, বা

(v) যাহাতে কোনরূপ বিষাক্ত বা অন্য উপাদান আছে যাহা উহাকে স্বাস্থ্যের জন্য ক্ষতিকারকে পরিণত করিতে পারে, বা

(vi) যাহার মান বা বিশুদ্ধতা নির্ধারিত মানের সংগে সঙ্গতিপূর্ণ নয়, বা

(vii) যাহা অস্বাস্থ্যকর অবস্থায় প্রস্তুত, প্যাকেট করা বা সংরক্ষণ করার ফলে দূষিত হইয়াছে বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হইয়াছে এবং খাদ্য সম্পর্কিত "ভেজাল মিশ্রণ" বিষয়টি সেইরূপ মনে করা হইবে।

(২) "বনস্পতি" অর্থ খাদ্য সামগ্রী যাহা ঘি এর ন্যায় ভোজ্য উদ্ভিজ্জ তৈল এর উদ্‌জানঘটিত বিক্রিয়ার এর মাধ্যমে প্রস্তুত করা হয় এবং যাহাতে কোন দুগ্ধ বা পশুজাত চর্বি নাই;

(৩) "মাখন" অর্থ একটি খাদ্য সামগ্রী যাহা শুধু গাভী বা মহিষের দুগ্ধ হইতে লবন বা অন্য নির্দিষ্ট সংরক্ষণ উপাদানসহ বা ব্যতীত প্রস্তুত করা হয়;

(৪) "চর্বি" অর্থ একটি খাদ্য সামগ্রী যাহা ঘি বা বনস্পতির মত কিন্তু যাহাতে দুগ্ধজাত চর্বি ব্যতীত অন্য পশুজাত চর্বি আছে;

(৫) "রাসায়নিক পরীক্ষক" অর্থ -

- *(i)* পূর্ব পাকিস্তানের একটি ক্যান্টনমেন্টের ক্ষেত্রে পরিচালক, গণস্বাস্থ্য ল্যাবরেটরী, পূর্ব পাকিস্তান সরকার,
- *(ii)* পশ্চিম পাকিস্তানের একটি ক্যান্টনমেন্টের ক্ষেত্রে পশ্চিম পাকিস্তান সরকারের রাসায়নিক পরীক্ষক এবং ইহাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক এই আইনের উদ্দেশ্য পূরণে রাসায়নিক পরীক্ষক হিসাবে নিযুক্ত অন্য যেই কোন কর্মকর্তা অন্তর্ভুক্ত হইবেন;

(৬) "ক্রীম" অর্থ গাভী বা মহিষের দুগ্ধের ঐ অংশ যাহা চর্বিসমৃদ্ধ এবং যাহা দুগ্ধের স্থিতাবস্থায় উপরে ভাসমান থাকে, বা যাহা মন্থন বা অন্য প্রক্রিয়ায় আলাদা করা হইয়াছে;

(৭) "দই" অর্থ দুগ্ধের দুগ্ধজাত অম্ল গাঁজাইয়া তোলার মাধ্যমে উৎপাদিত বস্তু;

(৮) "পরিচালক" অর্থ পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস প্রশাসন;

(৯) "খাদ্য" অর্থ মাদক বা পানি ব্যতীত মানুষের ব্যবহার্য যেই কোন বস্তু, কিন্তু গ্যাস যুক্ত পানীয় নয়, এবং ইহাতে অন্তর্ভুক্ত হইবে -

- *(i)* যেই কোন বস্তু যাহা খাদ্যের গঠন বা তৈরীতে ব্যবহৃত হইতে পারে,
- *(ii)* যেই কোন স্বাদ বা চাটনী জাতীয় দ্রব্য,
- *(iii)* খাদ্যে ব্যবহার হইতে পারে এইরূপ কোন রঞ্জক,
- *(iv)* চুইংগাম এবং ঐ ধরনের দ্রব্যাদি।

*ব্যাখ্যা-১ ।-* খাদ্যের গঠন বা তৈরীতে ব্যবহৃত হইলে পানি খাদ্য হিসাবে বিবেচিত হইবে;

*ব্যাখ্যা-২ ।-* কোন বস্তু ঔষধ হিসাবে ব্যবহৃত হইলেই উহা খাদ্য হিসাবে বিবেচিত হইবে না এইরূপ নয়।

(১০) "ঘি" অর্থ একচেটিয়াভাবে মাখন, ক্রীম বা দই হইতে প্রস্তুত ঘি।

(১১) "গুদাম" অর্থ এমন একটি স্থান যেইখানে খাদ্য দ্রব্যাদি বিক্রয়, ক্রেতাকে বা নির্দিষ্ট ব্যক্তিকে সরবরাহ করার জন্য গ্রহণ বা বিক্রয় করা হয় এবং ইহাতে রেলওয়ে এবং জাহাজ বা অন্য যোগাযোগ সংস্থার গুদাম অন্তর্ভুক্ত হইবে;

(১২) "স্বাস্থ্য কর্মকর্তা" অর্থ ক্যান্টনমেন্টের মেডিক্যাল অফিসার বা স্বাস্থ্য কর্মকর্তা বা সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, এবং ইহাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক এই আইনের উদ্দেশ্য পূরণে স্বাস্থ্য কর্মকর্তা হিসাবে নিযুক্ত যেই কোন কর্মকর্তা অন্তর্ভুক্ত হইবেন;

(১৩) "পরিদর্শক" অর্থ, ধারা ১৫ এর অধীনে নিযুক্ত একজন পরিদর্শক এবং ইহাতে পদাধিকার বলে নিযুক্ত পরিদর্শক অন্তর্ভুক্ত হইবেন;

(১৪) "স্থানীয় কর্তৃপক্ষ" অর্থ ক্যান্টনমেন্টস আইন, ১৯২৪ (১৯২৪ সনের ২) এর অধীনে গঠিত একটি ক্যান্টনমেন্ট বোর্ড;

(১৫) "মার্জারিন" অর্থ যেই কোন খাদ্য, যাহা মাখনের সংগে মিশ্রিত হউক বা না হউক, যাহা দেখিতে মাখনের মত এবং দুগ্ধজাত মাখন নয়;

(১৬) "দুগ্ধ" অর্থ স্বাভাবিক, পরিষ্কার এবং বিশুদ্ধ নির্যাস যাহা একটি সুস্থ গাভী, মহিষ, ছাগী বা ভেড়ীর বাঁট হইতে পাওয়া যায়, উহা সিদ্ধ, পাস্তুরীকৃত, সমন্বিত বা জীবানুমুক্ত হইতে পারে এবং ইহাতে মান নির্ধারিত এবং গাঢ় দুগ্ধ অন্তর্ভুক্ত হইবে;

(১৭) "অবাঞ্ছিত ব্রান্ড যুক্ত খাদ্য" অর্থ এমন খাদ্য সামগ্রী -

*(i)* যাহা অন্য একটি খাদ্য দ্রব্যের নকল, বা প্রতিকল্প বা এমন প্রতিরূপ যাহাতে ঠকানো যায় এবং উহা অন্য খাদ্য বস্তু যেই নামে বিক্রি করা হয়, সেই নামে বিক্রি হয় বা বিক্রির জন্য ইঙ্গিত হয়, বা উহার সঠিক ধরনে প্রকাশ করার জন্য সঠিকভাবে লেবেল লাগানো হয় না, বা

*(ii)* উহা এমনভাবে রং, স্বাদযুক্ত, প্রলেপযুক্ত, চূর্ণ বা চকচকে করা হইয়াছে, যাহাতে উহার সঠিক রূপ লুকানো যায়, বা

(iii) যাহা এমন মোড়কে রাখা হইয়াছে বা যাহার লেবেল এ উহার উপাদান বা বস্তু সম্পর্কে এমন বর্ণনা, নকশা বা পদ্ধতি উল্লেখ আছে, যাহা মিথ্যা, কোন বাস্তব দিক হইতে ভ্রমাত্মক, বা মোড়কটি অন্য কোনভবে উহার অন্তর্গত বস্তু সম্পর্কে প্রতারণামূলক বর্ণনা প্রদান করে, বা

(iv) যাহা নিয়ম মোতাবেক সঠিকভাবে মোড়কজাত করা এবং লেবেল লাগানো হয় নাই;

(১৮) "দখলদার" অর্থ সেই ব্যক্তি যাহার ফ্যাক্টরী, দোকান বা গুদাম এর বিষয়াদির উপর কর্তৃত্ব রহিয়াছে এবং ইহাতে ম্যানেজার বা ম্যানেজিং এজেন্ট বা দখলদার এর প্রতিনিধিত্ব করার ক্ষমতা প্রাপ্ত যেই কোন ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন;

(১৯) "মোড়ক" অর্থে প্রত্যেক বস্তু যাহা পরিবহন বা বিক্রয়ের জন্য কোন খাঁচাবদ্ধ, আবৃত, পাত্রবদ্ধ, সংরক্ষিত বা মোড়কাবদ্ধ করা হইয়াছে উহা অন্তর্ভুক্ত হইবে;

(২০) "অগ্রিম-প্যাক" অর্থ খুচরা বিক্রয়ের জন্য একটি মোড়কে বা পাত্রে পূর্বেই আবদ্ধ বা প্রস্তুত করিয়া রাখা;

(২১) "নির্দিষ্ট" অর্থ বিধি দ্বারা নির্দিষ্ট;

(২২) "গণ বিশ্লেষক" অর্থ ধারা ১৭ এর অধীনে নিযুক্ত একজন গণ বিশ্লেষক;

(২৩) "খুচরা বিক্রয়" অর্থ এমন ব্যক্তির নিকট বিক্রয় যাহা পুনঃবিক্রয় হয় না;

(২৪) "বিধিমালা" অর্থ এই আইনের অধীনে প্রণীত বিধিসমূহ;

(২৫) "বিক্রয়" অর্থ খাদ্য বিষয়ক মালিকানা হস্তান্তর, যাহা পন্য বিনিময় বা পরিশোধিত মূল্য বা প্রতিশ্রুত মূল্যের মাধ্যমে বা আংশিক পরিশোধিত বা আংশিক প্রতিশ্রুত মূল্য এর মাধ্যমে হইতে পারে;

(২৬) "মান নির্ধারিত দুগ্ধ" অর্থ যেই দুগ্ধ হইতে চর্বি হ্রাস করতঃ দুগ্ধের নির্দিষ্ট পর্যায়ের চর্বি যুক্ত করা হইয়াছে;

(২৭) "গাঢ় দুগ্ধ" অর্থ যেই দুগ্ধকে নির্দিষ্ট পরিমাণের চর্বিযুক্ত করা হইয়াছে এবং যাহাতে দুগ্ধজাত ঘন পদার্থ মিশ্রণ করা হয় নাই;

(২৮) "ট্রানজিট" অর্থে প্রস্তুতকরণের স্থান হইতে বা উৎপাদনের অন্য উৎস হইতে ভোক্তার নিকট পৌঁছানো পর্যন্ত পরিবহনের সকল পর্যায় অন্তর্ভুক্ত হইবে; এবং

(২৯) "পাইকারী বিক্রয়" অর্থ খুচরা বিক্রয় ব্যতীত অন্য যেই কোনরূপ বিক্রয়।

## অধ্যায় II – সাধারণ বিধানসমূহ

৩। **ভুয়া গ্যারান্টি।**- কোন ব্যক্তি তাহার বিক্রিত বা তাহা দ্বারা কোন এজেন্ট বা বিক্রয়ের জন্য প্রদত্ত খাদ্য বিষয়ে ক্রেতা বা এজেন্টকে কোন লিখিত ভুয়া গ্যারান্টি প্রদান করিবেন না।

৪। **খাদ্য মিশ্রণ, রংকরণ, দাগ লাগানো বা চূর্ণকরণ ইত্যাদি নিষিদ্ধকরণ।**- (১) কোন ব্যক্তি খাদ্যে কোনরূপ বস্তু মিশ্রণ, রংকরণ, দাগ লাগানো বা চূর্ণকরণ করিবেন না বা অন্য কোন ব্যক্তিকে এমন কোন বস্তু বা উপাদান দ্বারা খাদ্যে মিশ্রণ, রংকরণ, দাগ লাগানো বা চূর্ণকরণ করিতে নির্দেশ বা অনুমতি প্রদান করিবেন না যাহাতে -

(ক) বিধিমালার লঙ্ঘন হয়; বা
(খ) খাদ্য স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক এ পরিণত হয় এবং ঐ অবস্থায় উহা বিক্রয় করা হইতে পারে।

(২) কোন ব্যক্তি এইরূপ মিশ্রিত, রংকরা, দাগ লাগানো বা চূর্ণ করা খাদ্য বিক্রয় এর জন্য রাখিবেন না বা গুদামজাত করিবেন না বা বিক্রি বা বিক্রির জন্য প্রদান করিবেন না।

৫। **ভেজাল ও অন্যান্য খাদ্য তৈরী, উৎপাদন বিক্রি নিষিদ্ধকরণ।**- (১) কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, নিজে বা অন্য কোন ব্যক্তি দ্বারা নিম্নরূপ খাদ্য বিক্রয়ের জন্য তৈরী, উৎপাদন, রক্ষণ বা গুদামজাত করিবেন না বা বিক্রি বা বিক্রির জন্য প্রদান করিবেন না ঃ-

*(i)* কোন ভেজাল খাদ্য;
*(ii)* কোন মিথ্যা ব্রান্ড যুক্ত খাদ্য;
*(iii)* যেই খাদ্য বিক্রির জন্য লাইসেন্স এর প্রয়োজন উহা ঐ লাইসেন্সের শর্তাবলী লঙ্ঘন করিয়া; বা
*(iv)* এই আইনের বিধান বা বিধি লঙ্ঘন করিয়া কোন খাদ্য দ্রব্য।

(২) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কোন কারখানা বা পাইকারী ব্যবসায় প্রাঙ্গনে কোন খাদ্য বস্তু উৎপাদন বা মজুদকরণের ক্ষেত্রে এমন কোন বস্তু যাহা ভেজাল হিসাবে ব্যবহৃত হইতে পারে তাহা নিষিদ্ধ বা নিয়ন্ত্রণয করিতে পারেন, যেইরূপ ঐ প্রজ্ঞাপনে নির্দিষ্ট করা থাকিবে।

৬। **অস্বাস্থ্যকর খাদ্য উৎপাদন, আমদানী এবং বিক্রয়।**- কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, নিজে বা অন্য কোন ব্যক্তি দ্বারা নিম্নরূপ কোন কার্য করিবেন না ঃ-

*(ক)* কোন খাদ্য যাহা স্বাস্থের জন্য সঠিক নহে, অস্বাস্থ্যকর, ক্ষতিকারক বা মানুষের ভোগের জন্য অনুপযুক্ত উহা তৈরী, উৎপাদন, বিক্রয়ের জন্য সংরক্ষণ বা মজুদ বা বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করিবেন না; বা

*(খ)* কোন খাদ্য দ্রব্য এমনভাবে বা এমন অবস্থায় আমদানী বা রপ্তানী করিবেন না যাহাতে উহা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হয় বা হইতে পারে।

৭। **অনভিপ্রেত ধরন বা মানের খাদ্য উৎপাদন এবং বিক্রয়।**- কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, নিজে বা অন্য কোন ব্যক্তি দ্বারা নিম্নরূপ কোন কার্য করিবেন না ঃ-

*(ক)* কোন খাদ্য দ্রব্য যেই ধরন বা বস্তুজাত বা মানের বলিয়া অভিপ্রেত বা যাহা হিসাবে পরিচিত উহা ব্যতীত অন্য কোন রূপে উহা বিক্রয়ের জন্য তৈরী, উৎপাদন, রক্ষণ, মজুদ করিবেন না বা বিক্রয়ের জন্য প্রদান করিবেন না; বা

*(খ)* কোন খাদ্য দ্রব্যের যেই ধরন, বস্তুজাত বা মানের কোন চাহিদা নাই, উহা বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করিবেন না।

৮। **পূর্বে প্যাক করা খাদ্য।**- কোন ব্যক্তি পূর্বে প্যাক করা খাদ্য বিক্রয় করার জন্য রক্ষণ বা মজুদ করিবেন না বা বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করিবেন না, যদি না তিনি এই বিষয়ে তৈরী বিধিমালা প্রতিপালন করিয়া থাকেন।

৯। **বিধিমালা প্রতিপালন ব্যতীত খাদ্য আমদানী বা উৎপাদন।**- কোন ব্যক্তি কোন খাদ্য দ্রব্য বিক্রয়ের জন্য আমদানী, রপ্তানী, তৈরী, উৎপাদন করিবেন না বা বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করিবেন না যতক্ষণ পর্যন্ত উহার উৎপাদন, প্রক্রিয়াকরণ, বা প্রস্তুত, প্যাকিং, লেবেল লাগানো, প্রেরণ, হস্তান্তর, গুণগতমান বা বাক্সজাতকরণ সম্পর্কে প্রণীত পদ্ধতিসমূহ প্রতিপালিত হইয়াছে।

১০। **বনস্পতি, মার্জারিন এবং চর্বি বিক্রয়।**- কোন ব্যক্তি বনস্পতি, মার্জারিন বা চর্বি খোলাভাবে কোন খোলা প্যাকেজ হইতে বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করিবেন না;

শর্ত থাকে যে, বনস্পতি একটি লাইসেন্স এর অধীনে এবং লাইসেন্স এ এই বিষয়ে বর্ণিত শর্তাবলী অনুসারে বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করা যাইতে পারেন।

১১। **দ্রব্যাদি উৎপাদন, মজুদ এবং বিক্রয়ের জন্য লাইসেন্স।**- (১) প্রদেয় একটি লাইসেন্স এ বর্ণিত ধরন ব্যতীত অন্য কোনভাবে কোন স্থান নিম্নেবর্ণিত কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইবে না -

*(ক)* কোন খাদ্য প্রস্তুত, উৎপাদন, প্রক্রিয়াকরণ, মিশ্রণ, সংরক্ষণ, হিমায়িতকরণ, কৌটাজাতকরণ বা বোতলজাতকরণের জন্য;
*(খ)* বনস্পতি, চর্বি, ঘি বা মার্জারিন, মৎস্যজাত তৈল, সরিষার তৈল, তুলাবীজ তৈল বা অন্য ভোজ্য তৈল এবং এইরূপ খাদ্য যাহা নির্ধারণ করা হয় উহা কোন পাইকারী ব্যবসায়ীর ব্যবসায়ের জন্য;
*(গ)* কোন ক্রীম তৈরীর কারখানা, দুগ্ধ খামার বা রুটির কারখানার জন্য;
*(ঘ)* কোন হোটেল, রেস্টুরেন্ট বা খাবারের স্থান এর জন্য;

শর্ত থাকে যে, কেন্দ্রী সরকার কোন স্থানকে বা কোন শ্রেণীর স্থানকে এই ধারার কার্যকারিতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারে।

(২) উপ-ধারা (১) এর অধীনে প্রদত্ত একটি লাইসেন্স এক বৎসরের জন্য বলবৎ থাকিবে যদি না উহা তৎপূর্বে বাতিল করা হয় বা কোন নির্দিষ্টরূপে নির্দিষ্ট ফি প্রদানের পর নবায়ন করা হয়।

(৩) উপ-ধারা (১) এর অধীনে প্রদত্ত লাইসেন্স বাতিল বা উহার নবায়ন প্রত্যাখ্যান করা যাইতে পারে, যদি –

*(i)* লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি ধারা ১২ এ বর্ণিত রেজিস্টার সংরক্ষণ করিতে ব্যর্থ হন বা এই আইনের অধীনে কোন অপরাধের জন্য সাজা প্রাপ্ত হন, বা
*(ii)* সংশ্লিষ্ট প্রাঙ্গন নির্ধারিতরূপে রক্ষণাবেক্ষণ করা না হয়।

১২। **উৎপাদন এবং পাইকারী ব্যবসায়ের রেজিস্টার।**- ব্যবসায়ের জন্য তৈরী বা উৎপাদিত এইরূপ কোন খাদ্য দ্রব্য যাহা কেন্দ্রীয় সরকার এই উদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারণ করিতে পারেন, উহাদের ব্যবসায়ের উদ্দেশ্যে তৈরী বা উৎপাদন এর জন্য ব্যবহৃত স্থানের প্রত্যেক দখলকারী এবং প্রত্যেক পাইকারী ব্যবসায়ী বা তাহার এজেন্ট যিনি এইরূপ কোন দ্রব্য মজুদ করেন, তিনি একটি রেজিস্টার রক্ষণ এবং রক্ষণাবেক্ষণ করিবেন যাহা নির্ধারিত ফরমে রাখা হইবে এবং ঐ রেজিস্টার পরিদর্শক কর্তৃক পরিদর্শনের জন্য খোলা থাকিবে।

১৩। **খাদ্য বিষক্রিয়া**।- (১) যদি একজন স্বাস্থ্য কর্মকর্তা বা পরিদর্শক এর পক্ষে এইরূপ সন্দেহ করার কারণ থাকে যে, কোন খাদ্য বা যেই কোন পাত্র বা গার্হস্থ উপকরণ, খাদ্য যাহার সংস্পর্শে আসিতে পারে, উহাতে খাদ্যে রাসায়নিক প্রক্রিয়া জাত বা জীবানুঘটিত কারণে বিষক্রিয়া (তীব্র, দীর্ঘস্থায়ী বা ক্রমবর্ধমান) সৃষ্টি করিবার সম্ভাবনা আছে, সেই ক্ষেত্রে তিনি ঐরূপ খাদ্য, পাত্র বা গার্হস্থ উপকরণ এর নমুনা, এই আইনের অধীনে বিশ্লেষণ করার জন্য সংগ্রহ করিতে পারেন, এবং যদি তিনি নমুনা সংগ্রহ করেন, তবে তিনি খাদ্য যাহার নিকট আছে ঐ ব্যক্তিকে এইরূপ নোটিশ প্রদান করিবেন যে, যতক্ষণ পর্যন্ত বিশ্লেষণ এর ফলাফল না জানা যায়, ততক্ষণ পর্যন্ত ঐ খাদ্য বা উহার নির্দিষ্ট অংশ মানুষের খাওয়ার জন্য ব্যবহার করা হইবে না, এবং উহা নোটিশ এ নির্দেশিতভাবে সংরক্ষণ বা অপসারণ করিয়া রাখা হইবে।

(২) যদি একজন স্বাস্থ্য কর্মকর্তার সন্দেহ করিবার কারণ থাকে যে, কোন দুগ্ধ খামার বা অন্য উৎস হইতে সরবরাহকৃত দুগ্ধ পান করার ফলে যক্ষা সংক্রমিত হইতে পারে, তাহা হইলে তিনি ঐরূপ দুগ্ধ খামার বা উৎস এর দায়িত্বে থাকা ব্যক্তিকে নোটিশ প্রদানের মাধ্যমে ঐ দুগ্ধ খামার বা উৎস হইতে দুগ্ধ সরবরাহ করা নিষিদ্ধ করিতে পারেন।

শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে একটি দুগ্ধ খামার বা অন্য উৎস সম্পর্কে স্বাস্থ্য কর্মকর্তার এইরূপ অভিমত থাকে যে, কিছু নির্দিষ্ট প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করিলে ঐ দুগ্ধ খামার বা উৎস হইতে সরবরাহকৃত দুগ্ধ হইতে যক্ষা সংক্রমন কার্যকরভাবে প্রতিরুদ্ধ হইবে, সেইক্ষেত্রে স্বাস্থ্য কর্মকর্তা নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন -

(ক) এইরূপ দুগ্ধ খামার বা উৎস হইতে দুগ্ধ সরবরাহ বন্ধ করার নোটিশ প্রদানের সময়, উহার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে নোটিশ এ নির্ধারিত প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করিবেন, এবং

(খ) দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি নোটিশে উল্লেখিত ব্যবস্থাদি গ্রহণ করার পর আবেদন করিলে ঐ নোটিশ বাতিল করিবেন।

(৩) যদি স্থানীয় কর্তৃপক্ষের মত অনুসারে, কোন ব্যক্তি কোন সংক্রামক রোগে আক্রান্ত বলিয়া মনে হয়, তাহা হইলে স্থানীয় কর্তৃপক্ষ ঐরূপ ব্যক্তিকে নোটিশ এর মাধ্যমে, মানুষের খাওয়ার জন্য কোন খাদ্য প্রস্তুত, উৎপাদন নিষিদ্ধ করিতে পারেন, যতক্ষণ পর্যন্ত তিনি স্বাস্থ্য কর্মকর্তা হইতে এই মর্মে সার্টিফিকেট সংগ্রহ করেন যে, তিনি কোনরূপ সংক্রামক ব্যাধি হইতে মুক্ত এবং ঐ সার্টিফিকেট স্থানীয় কর্তৃপক্ষর নিকট দাখিল করেন।

(৪) একজন স্বাস্থ্য কর্মকর্তা নোটিশ দ্বারা হোটেল, রেস্টুরেন্ট, মিষ্টির দোকান বা যেই কোন গণ ভোজনালয়ে খাদ্য দ্রব্যাদি হাতে স্পর্শকারী কোন ব্যক্তিকে স্বাস্থ্য কর্মকর্তার নিকট হইতে এই মর্মে স্বাস্থ্য সার্টিফিকেট সংগ্রহ করা এবং তাহার নিকট রাখার নির্দেশ দিতে পারেন যে, তিনি যেই কোন প্রকার সংক্রামক ব্যধি হইতে মুক্ত এবং তিনি উহা প্রতি বৎসর অন্তে নবায়ন করিবেন, যতদিন পর্যন্ত তিনি এইরূপ দ্রব্যাদি হাতে স্পর্শ করিবেন।

(৫) যেই সকল ব্যক্তির নিকট এই ধারার অধীনে নোটিশ প্রদান করা হইয়াছে, তাহাদের প্রত্যেকে এই নোটিশ প্রতিপালন করিবেন।

## অধ্যায় III – কর্তৃপক্ষসমূহ

১৪। **স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব**।- প্রত্যেক স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব হইবে তাহাদের আঞ্চলিক এখতিয়ারভূক্ত এলাকার সীমানায় এই আইনের বিধানসমূহের প্রতিপালন নিশ্চিত করা।

১৫। **পরিদর্শক নিয়োগ**।- (১) পরিচালক সকল প্রকার বা কোন নির্দিষ্ট খাদ্য সম্পর্কে পরিদর্শক নিয়োগ করিতে পারেন এবং এইরূপে নিয়োগ প্রাপ্ত একজন পরিদর্শক এর ঐ এলাকার উপর এখতিয়ার থাকিবে, যেইরূপ পরিচালক নির্দিষ্ট করেন।

(২) এই বিষয়ে প্রণীত যেই কোন বিধি সাপেক্ষে, একটি স্থানীয় কর্তৃপক্ষ সকল বা কোন নির্দিষ্ট খাদ্যের জন্য পরিদর্শকগণকে নিয়োগ করিবেন, এবং এইরূপে নিয়োজিত একজন পরিদর্শক, স্থানীয় কর্তৃপক্ষ অন্যরূপ নির্দেশ প্রদান না করা পর্যন্ত, এইরূপ স্থানীয় কর্তৃপক্ষের এলাকার মধ্যে এখতিয়ার প্রাপ্ত হইবেন।

(৩) একটি স্থানীয় কর্তৃপক্ষের স্বাস্থ্য কর্মকর্তা এবং স্বাস্থ্য বিষয়ক পরিদর্শক এবং পাকিস্তানের চাকুরীতে নিয়োজিত বা এইরূপ চাকুরী বা পদে আসীন কর্মকর্তা বা এই বিষয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক সরকারী গেজেটে নির্দিষ্টকৃত স্থানীয় কর্তৃপক্ষের কোন কর্মকর্তা, তাহাদের নিজ নিজ এখতয়িারভুক্ত এলাকার সকল খাদ্য দ্রব্যের জন্য পদাধিকার বলে পরিদর্শক রূপে কাজ করিবেন।

(৪) পরিচালকগণ এই আইনের অধীনে পরিদর্শকের ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব পালন করিতে পারেন এবং যেই কোন উপ-পরিচালক বা সহকারী পরিচালক বা পরিচালকের অধঃস্তন যেই কোন কর্মকর্তা একজন পরিদর্শকের এইরূপ ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব পালন করিতে পারিবেন, যাহা পরিচালক লিখিত আদেশ দ্বারা নির্দেশ করিবেন।

১৬। **পরিদর্শকের ক্ষমতা**।- (১) একজন পরিদর্শক যেই কোন যানবাহন বা খাদ্যের মোড়ক আটকাইয়া রাখা এবং তল্লাশী করিতে পারেন যাহা বিক্রয়ের উদ্দেশ্যে বা পৌঁছাইয়া দেওয়ার পর্যায়ে ছিল, যদি তাহার সন্দেহের কারণ থাকে যে, উহার অভ্যন্তরে পরিবহনাধীন বা ভিতরে থাকা খাদ্য স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, অস্বাস্থ্যকর বা মানুষের খাওয়ার অনুপযুক্ত বা উহা ঐ ধরন, বস্তুগত বা গুণমান সম্পন্ন নহে, যাহা হিসাবে উহা পরিচিত ঃ

শর্ত থাকে যে, এই ধারার কোন কিছুই রেলপথ এর মালিকানাধীন কোন যানবাহন আটকাইয়া রাখার অনুমোদন প্রদান করে না।

(২) যেই কোন পরিদর্শক নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করিতে পারেন -

*(i)* যেই কোন বাজার, গুদাম, দোকান, স্টল বা মানুষের খাদ্য হিসাবে ব্যবহারের অভিপ্রেত যেই কোন খাদ্যের মজুদ বা বিক্রয় করার অন্য কোন স্থান বা ব্যবসায় বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তুত বা উৎপাদন করার স্থানে প্রবেশ এবং পরিদর্শন করিতে পারেন;

*(ii)* যেই কোন প্রাঙ্গনাদিতে ১৮ ধারার অধীনে ক্রয় বা নমুনা সংগ্রহের ক্ষমতা প্রয়োগ এর জন্য প্রবেশ করিতে পারেন এবং এইরূপ প্রাঙ্গনাদিতে যেই কোন খাদ্য দ্রব্য এবং এই রূপ খাদ্য দ্রব্য প্রস্তুত, উৎপাদন, বা সংরক্ষণ করিতে ব্যবহার্য যন্ত্রপাতি বা পাত্র পরিদর্শন ও পরীক্ষা করিতে পারেন; এবং

*(iii)* যেই কোন বাজার, গুদাম, স্টল বা অন্যস্থান যাহা কোন যন্ত্রপাতি, পাত্র বা আধার, যাহা সাধারণতঃ কোন খাদ্য প্রস্তুত, উৎপাদন বা সংরক্ষণ করিতে ব্যবহার, ব্যবহারের জন্য অভিপ্রেত বা ব্যবহৃত হইবার সম্ভাবনা থাকে উহাতে প্রবেশ এবং পরিদর্শন করিতে পারেন।

(৩) যদি এইরূপ কোন খাদ্য যাহা উপ-ধারা (১) বা উপ-ধারা (২) এর দফা (i) এ উল্লেখ করা হইয়াছে, উহা পরিদর্শক এর নিকট স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, অস্বাস্থ্যকর, মানুষের খাওয়ার অনুপযুক্ত বা ঐ ধরনের বলিয়া মনে হয়, বা যাহা হিসাবে উহা পরিচিত ঐরূপ বস্তুজাত বা গুণগত নহে, বা যেই সকল শর্ত পালন সাপেক্ষে এইরূপ খাদ্য প্রস্তুত, উৎপাদন, সংরক্ষণ বা মজুদ বা বিক্রয় করিতে হইবে ঐগুলি প্রতিপালিত হইয়াছে বলিয়া মনে না হয়, বা যদি এইরূপ কোন যন্ত্রপাতি বা পাত্র, যাহা উপ-ধারা (২) এর দফা (ii) তে উল্লেখ করা হইয়াছে, উহা এই ধরনের বা এইরূপ অবস্থায় আছে যাহাতে যেই কোন প্রস্তুতকৃত উৎপাদিত বা উহাতে সংরক্ষিত খাদ্য অস্বাস্থ্যকর বা মানুষের খাওয়ার অনুপযুক্ত বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর মনে হয়, তাহা হইলে তিনি এইরূপ খাদ্য, যন্ত্রপাতি বা পাত্র জব্দ করিতে এবং অপসারণ করিতে পারিবেন যাহা সম্পর্কে এতদ্‌পরবর্তীরূপে বর্ণিতভাবে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) একজন পরিদর্শক যেই কোন খাদ্য, যন্ত্রপাতি বা পাত্র যাহা উপ-ধারা (২) এর অধীনে জব্দ করা হইয়াছে, উহা অপসারণের পরিবর্তে ঐ ব্যক্তির রক্ষণাবেক্ষণে রাখিয়া যাইতে পারেন, যাহার দখল, রক্ষণাবেক্ষণ বা নিয়ন্ত্রণ হইতে উহা জব্দ করা হইয়াছিল, বা এইরূপ নিরাপদ রক্ষণাবেক্ষণে রাখিতে পারেন, যেইরূপ তিনি সঠিক মনে করেন, যাহাতে উহা এতদ্‌পরবর্তীতে বর্ণিতরূপে নিস্পত্তি করা যায় এবং ইহার পর যেই কোন সময়ে উহা সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের রক্ষণাবেক্ষণে সরাইয়া রাখিতে পারেন।

(৫) যখন উপ-ধারা (৩) এর অধীনে কোন খাদ্য, যন্ত্রপাতি বা পাত্র জব্দ করা হয়, উহা মালিক বা যাহাদের দখল, রক্ষণাবেক্ষণ বা নিয়ন্ত্রণ হইতে জব্দ করা হইয়াছিল, তাহাদের লিখিত অনুমতিক্রমে ধ্বংস করা যাইতে পারে।

(৬) যদি উপ-ধারা (৩) এর অধীনে জব্দকৃত কোন খাদ্য পচনশীল ধরনের হয়, এবং পরিদর্শকের মতে, ত্রুটিযুক্ত অস্বাস্থ্যকর বা মানুষের খাওয়ার অনুপযুক্ত হয়, উহা কোনরূপ অনুমতি ব্যতীত, কিন্তু দুই জন সম্মানী সাক্ষীর উপস্থিতিতে ধ্বংস করা যাইতে পারে।

(৭) একজন পরিদর্শক জব্দকৃত খাদ্য, যন্ত্রপাতি বা পাত্রের একটি তালিকা প্রস্তুত করিবেন এবং স্থানীয় কর্তৃপক্ষকে এবং যেই ব্যক্তির রক্ষণাবেক্ষণ হইতে ঐ খাদ্য, যন্ত্রপাতি বা পাত্র জব্দ করা হইয়াছে উহার একটি কপি তাহার নিকট ডাক যোগে প্রেরণ করিবেন।

(৮) যদি কোন ব্যক্তি উপ-ধারা (৩) এর অধীনে জব্দকৃত কোন কিছু দাবী করেন, তিনি এইরূপ জব্দ করার সাত দিনের মধ্যে জব্দকৃত স্থানের উপর এখতিয়ার প্রাপ্ত কোন ম্যাজিস্ট্রেটের নিকট অভিযোগ করিতে পারেন এবং ম্যাজিস্ট্রেট যেইরূপ প্রয়োজনীয় মনে করেন, সেইরূপ তদন্তে র পর এইরূপ জব্দকরণ আংশিক বা সম্পূর্ণরূপে নিশ্চিত বা বাতিল করিতে পারেন এবং জব্দ বাতিল করা এইরূপ সামগ্রী, বা উহার অংশ বা অংশসমূহ দাবীদারকে ফেরৎ প্রদানের নির্দেশ দিতে পারেন।

(৯) যদি ম্যাজিস্ট্রেট জব্দকরণ নিশ্চিত করেন, তাহা হইলে তিনি জব্দকৃত খাদ্য, যন্ত্রপাতি বা পাত্র নিম্নরূপে ব্যবস্থা করিতে নির্দেশ দিতে পারেন -

(i) স্থানীয় কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্তকরণ; বা
(ii) মালিক বা যেই ব্যক্তির দখল, হেফাজত বা নিয়ন্ত্রণ হইতে উহা জব্দ করা হইয়াছিল, তাহার ব্যয়ে এমনভাবে ধ্বংস নিস্পন্ন করা যাহাতে উহা বিক্রয়, বা সংরক্ষণ বা মজুদ বা খাদ্য হিসাবে ব্যবহার বা কোন খাদ্য দ্রব্য প্রস্তুত, উৎপাদন বা সংরক্ষণ প্রতিরোধ করা যায়।

(১০) যদি উপ-ধারা (৮) এ বর্ণিত সময়ে কোন অভিযোগ না করা হয়, তাহা হইলে জব্দকৃত দ্রব্য, বা যন্ত্রপাতি বা পাত্র স্থানীয় কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে।

## অধ্যায় IV – খাদ্য বিশ্লেষণ

১৭। **সরকারী বিশ্লেষক।**- কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইনের উদ্দেশ্যে যেই কোন এলাকার জন্য সকল বা নির্দিষ্ট কোন খাদ্য বিষয়ক একজন সরকারী বিশ্লেষক নিযুক্ত করিতে পারেন।

১৮। **নমুনা ইত্যাদি ক্রয়।**- (১) একজন পরিদর্শক বিশ্লেষণ করার উদ্দেশ্যে খাদ্যের নমুনা ক্রয় করিতে পারেন, যাহা -

(ক) চলাচলের প্রক্রিয়াধীন, বা
(খ) বিক্রিত, বিক্রয়ের জন্য প্রদান করা হইয়াছে, উহা দ্বারা কোন খাদ্য প্রস্তুত করার উদ্দেশ্যে সংরক্ষণ, মজুদ বা প্রাপ্ত হইয়াছে, বা
(গ) কোন বাজার, গুদাম, দোকান, স্টল, হোটেল, রেস্টুরেন্ট বা ভোজনালয়ে কোন খাদ্য বাণিজ্যিক বা বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ বা মজুদ করা হইয়াছে, বা উহা দ্বারা কোন খাদ্য প্রস্তুত বা উৎপাদনের জন্য ঐ স্থানে প্রাপ্ত হইয়াছে;



(২) কোন ব্যক্তি একজন পরিদর্শকের নিকট কোন খাদ্য বিক্রয় করিতে অস্বীকার করিবেন না যিনি উপ-ধারা (১) এর উদ্দেশ্যে উহা যুক্তিযুক্ত পরিমাণে, তাহার কথামত পাত্র হইতে ক্রয় করিতে ইচ্ছা করেন।

*ব্যাখ্যা।*- এই আইনের অধীনে বিশ্লেষণ এর উদ্দেশ্যে কোন খাদ্যের নমুনা ক্রয় বা বিক্রয় করা মানুষের খাওয়া বা ব্যবহারের জন্য ক্রয় বা বিক্রয় করা বুঝাইবে।

(৩) যদি কোন ব্যক্তি উপ-ধারা (২) লঙ্ঘন করিয়া খাদ্যবস্তু বিক্রয় করিতে অস্বীকার করেন তাহা হইলে পরিদর্শক ঐ ব্যক্তি ঐরূপ অস্বীকার করার জন্য যেই পরিমাণ জরিমানা প্রদান করিতে বাধ্য হইতে পারেন উহা কোনরূপে বিঘ্নিত না করিয়া সংশ্লিষ্ট খাদ্যের ঐ পরিমাণ জব্দ করিতে পারেন, যাহা তাহার নিকট প্রয়োজনীয় মনে হয়, এবং তিনি ঐ ব্যক্তিকে একটি সার্টিফিকেট প্রদান করিবেন যাহাতে জব্দকৃত খাদ্যের মূল্য, ধরন বা পরিমাণ, জব্দ করার তারিখ, সময় এবং স্থান উল্লেখ থাকিবে এবং খাদ্যের মূল্য সম্পর্কে কোন দাবী করা হইবে না।

(৪) পরিদর্শক, যেইরূপ নির্ধারণ করা হয়, সেই ধরনের ফরমে তিন কপিতে একটি ঘোষণা প্রস্তুত করিবেন, যাহাতে জব্দকৃত নমুনা সম্পর্কিত সম্পূর্ণ বিবরণ থাকিবে এবং পরিদর্শক এবং যেই ব্যক্তির দখল, হেফাজত বা নিয়ন্ত্রণ হইতে সংশ্লিষ্ট খাদ্য জব্দ করা হইয়াছে, তাহারা উভয়ে এইরূপ ঘোষণা দস্তখত এবং চিহ্নিত করিবেন এবং উহার একটি কপি এইরূপ ব্যক্তিকে প্রদান করা হইবে।

(৫) যখন এইরূপ নমুনা একজন কমিশন এজেন্ট এর ভান্ডার হইতে সংগ্রহ করা হয়, তখন পরিদর্শকের প্রয়োজন মত যেই ব্যক্তির পক্ষে এইরূপ ভান্ডার সংরক্ষণ করিতেছেন তিনি তাহার নাম এবং এইরূপ অন্যান্য বিবরণ প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৯। **নমুনা বিশ্লেষণ করাইতে বেসরকারী ব্যক্তিগণের অধিকার।**-(১) যেই কোন ব্যক্তি একজন পরিদর্শকের নিকট এইরূপ লিখিত আবেদন করিতে পারেন যাহাতে দরখাস্তে বর্ণিত কোন খাদ্যের নমুনা কোন নির্দিষ্ট ব্যক্তি হইতে ক্রয় করার অনুরোধ করিতে পারেন এবং এইরূপ নমুনা সরকারী বিশ্লেষকের নিকট বিশ্লেষণের জন্য দাখিল করিতে পারেন।

(২) ক্রয়কৃত নমুনা এবং উপ-ধারা (১) এর অধীনে বিশ্লেষণ করার ব্যয় দরখাস্তকারী কর্তৃক প্রদেয় হইবে ঃ

শর্ত থাকে যে, যদি নমুনাতে সরকারী বিশ্লেষক কর্তৃক ভেজাল মিশ্রণ পাওয়া যায়, তাহা হইলে দরখাস্তকারী কর্তৃক এই উপ-ধারার অধীনে প্রদত্ত অর্থ তাহাকে ফেরৎ প্রদান করা হইবে।

২০। **নমুনা সম্পর্কিত কার্যক্রম।**- (১) একজন পরিদর্শক বিশ্লেষণের জন্য দাখিল করার উদ্দেশ্যে কোন খাদ্য ক্রয় বা জব্দ করার সংগে সংগে ঐ খাদ্যকে তিন ভাগে বিভক্ত করিবেন এবং খাদ্যের প্রকার ভেদে যেইরূপ প্রয়োজন হয় উহার বিভিন্ন অংশকে সেইরূপে চিহ্নিত, সিল বা বাঁধন করিবেন এবং যেই ব্যক্তির নিকট হইতে উহা সংগ্রহ করা হইয়াছে, তিনি ইচ্ছা করিলে, তিনটির প্রত্যেক অংশের উপর তাহার নিজের চিহ্নের সিল সাঁটিয়া দিতে সম্মতি প্রদান করিবেন।

(২) পরিদর্শক নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করিবেন –

(ক) উপ-ধারা (১) এর অধীনে বিভক্ত খাদ্যের একটি অংশ যাহার নিকট হইতে ক্রয় বা জব্দ করা হইয়াছে তাহাকে প্রদান করিবেন;
(খ) এক অংশ ভবিষ্যতে তুলনা করিয়া দেখার জন্য নিজের কাছে রাখিবেন; এবং
(গ) এক অংশ নির্ধারিত ফি প্রদানের পর পরীক্ষা করার জন্য সরকারী বিশ্লেষক এর নিকট দাখিল করিবেন।

শর্ত থাকে যে, যদি নমুনা এমন কোন খাদ্য হইতে গ্রহণ করা হয় যাহা প্রায় আমদানী হইতেছে, বা পারাপারে আছে বা ক্রেতা, ভোক্তা বা চালান গ্রহীতার কাছে হস্তান্তরের স্থানে বা অদাবীকৃত আছে, তাহা হইলে দফা (ক) এর অধীনে নমুনার হস্তান্তরযোগ্য অংশ পরিদর্শক কর্তৃক সংরক্ষণ করা হইবে, যদি না চালান প্রদানকারীর নাম ও ঠিকানা মোড়কের উপর পাওয়া যায়, যাহা হইতে নমুনা সংগ্রহ করাহ হইয়াছে, সেইক্ষেত্রে তিনি নমুনার ঐ অংশ রেজিস্ট্রী করা ডাক যোগে বা অন্যভাবে চালান প্রদানকারীর নিকট প্রেরণ করিবেন, উহার সংগে নোটিশ দ্বারা তাহাকে জানাইবেন যে, নমুনা সরকারী বিশ্লেষক দ্বারা পরীক্ষা করা হইবে।

২১। **সরকারী বিশ্লেষকের সার্টিফিকেট**।- (১) সরকারী বিশ্লেষক একজন পরিদর্শকের নিকট হইতে খাদ্যের নমুনা পাওয়ার পর, যত দ্রুত সম্ভব, উহা পরীক্ষা করিবেন এবং পরীক্ষার ফলাফল বর্ণনা করিয়া নির্ধারিত ফরমে পরিদর্শকের নিকট একটি সার্টিফিকেট প্রদান করিবেন।

(২) এইরূপে পরীক্ষিত নমুনা যেই ব্যক্তির নিকট হইতে ক্রয় বা জব্দ করা হইয়াছিল, তিনি নির্ধারিত ফি প্রদান করিয়া সরকারী বিশ্লেষকের নিকট হইতে উপ-ধারা (১) এর অধীনে প্রদত্ত সার্টিফিকেট এর একটি কপি সংগ্রহ করিতে পারেন।

(৩) কোন ব্যক্তি প্রচারণার উদ্দেশ্যে সার্টিফিকেটের কোন কপি প্রদর্শন বা অন্যরূপে ব্যবহার করিবেন না।

২২। **নমুনা জব্দ করিতে সরকারের ক্ষমতা**।- (১) কেন্দ্রীয় সরকার কোন খাদ্যের ভোক্তাদের সাধারণ স্বার্থকে প্রভাবিত করিতে পারে বলিয়া উহার নিকট অনুমিত কোন বিষয় সম্পর্কে যেই কোন সরকারী কর্মচারীকে এইরূপ খাদ্যের নমুনা বিশ্লেষণের জন্য সংগ্রহ করিতে নির্দেশ প্রদান করিতে পারেন এবং উহার প্রেক্ষিতে এইরূপ সরকারী কর্মচারী একজন পরিদর্শকের সকল ক্ষমতা প্রাপ্ত হইবেন।

(২) সরকারী কর্মচারী সরকারী বিশ্লেষক এর সার্টিফিকেট পাওয়ার পর কার্যবিধি গ্রহণ করিবেন বা কার্যবিধি গ্রহণের ব্যবস্থা করিবেন, যদি তিনি নিজে ঐ পরীক্ষা করাইতে ব্যবস্থা করিয়া থাকেন।

(৩) সরকারী কর্মচারী কর্তৃক এইরূপ দায়িত্ব পালনের জন্য ব্যয়কৃত অর্থ স্থানীয় কর্তৃপক্ষ প্রদান করিবেন।

## অধ্যায় V – জরিমানা এবং কার্যবিধি।

২৩। **জরিমানা**।- (১) যেই কোন ব্যক্তি ধারা ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ বা ১৩ এর বিধানসমূহ লঙ্ঘন করিলে নিম্নরূপে সাজা প্রাপ্ত হইবেন –

(ক) প্রথম অপরাধের জন্য, সশ্রম কারাদণ্ড দ্বারা, যাহা ছয় মাস মেয়াদ পর্যন্ত হইতে পারে এবং জরিমানা দ্বারা, যাহা একশত টাকার কম বা দুই হাজার টাকার অধিক হইবে না এবং চাবুকের আঘাত দ্বারাও;

(খ) দ্বিতীয় অপরাধের জন্য, ন্যূনতম তিনমাস এবং অনধিক দুই বৎসর মেয়াদের দণ্ড দ্বারা এবং জরিমানা দ্বারা, যাহা পাঁচশত টাকার কম বা দশ হাজার টাকার অধিক হইবে না এবং চাবুকের আঘাত দ্বারাও; এবং

(গ) পুন:পুন: অপরাধ বা বৃহৎ আকারের ভেজাল মিশ্রণ বা এমনকি ক্ষতিকারক বস্তু দ্বারা ভেজাল মিশ্রণের প্রথম বারেই, সশ্রম কারাদণ্ড দ্বারা, যাহা তিন বৎসর এর কম বা পাঁচ বৎসরের অধিক মেয়াদের হইবে না, এবং জরিমানা দ্বারা, যাহা পাঁচ হাজার টাকার কম বা এক লক্ষ টাকার বেশী হইবে না এবং উহার সংগে চাবুকের আঘাতও থাকিবে।

(২) যেই কোন ব্যক্তি ধারা ১২, ১৮, ২১ বা ২৮ এর বিধানসমূহ এবং যেই কোন বিধি লঙ্ঘন করিবেন, তিনি জরিমানাসহ এক বৎসর মেয়াদের কারাদণ্ড দ্বারা শাস্তি প্রাপ্ত হইবেন।

(৩) যেই কোন ব্যক্তি যিনি উপ-ধারা (১) বা উপ-ধারা (২) এ বর্ণিত বিধানসমূহ লঙ্ঘন করেন বা লঙ্ঘনে সহায়তা করেন, তাহা হইলে তিনি ঐরূপ লঙ্ঘনের জন্য বিধিত দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(৪) এই আইনের অধীনে আদায়কৃত সকল জরিমানা ঐ স্থানীয় কর্তৃপক্ষের ফান্ডে জমা হইবে, যাহাদের এখতিয়ারের সীমানায় সংঘটিত অপরাধে জরিমানা আদায় করা হইয়াছে।

(৫) যখন কোন ব্যবসায় পরিচালনকালীন কোন ব্যক্তি এই আইনের অধীনে কোন অপরাধ করেন এবং উহার জন্য উপ-ধারা (১) এর দফা (খ) বা (গ) এর অধীনে দণ্ডিত হন এবং ঐ ব্যবসায় তাহার দ্বারা বা তাহার পক্ষে কোন প্রতিনিধি দ্বারা পরিচালিত হইতে থাকে, তাহা হইলে তিনি বা এইরূপ অন্য ব্যক্তি এইরূপ দণ্ড প্রাপ্তির তারিখ হতে এক বৎসর পর্যন্ত, যেই প্রাঙ্গনে ব্যবসায় পরিচালিত হয় উহাতে, দণ্ড প্রাপ্তির বিষয় সম্পর্কিত একটি নোটিশ সুস্পষ্টভাবে প্রদর্শন করিবেন এবং এইরূপ নোটিশ প্রদর্শন করিতে ব্যর্থ হইলে তিনি তিন মাসের কারাদণ্ড বা জরিমানা বা উভয় দ্বারা দণ্ডিত হইবেন।

২৪। **সংক্ষিপ্ত বিচারের ক্ষমতা**।- কোন ম্যাজিস্ট্রেট যিনি ফৌজদারী দণ্ডবিধি ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এর ধারা ২৬০ এর উপ-ধারা (১) এর অধীনে নির্দিষ্ট অপরাধসমূহের ক্ষেত্রে ঐ সময়ে সংক্ষিপ্ত বিচারের জন্য ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, তিনি আইনের ধারা ২৩ এর উপ-ধারা (১) এবং উপ-ধারা (২) এর অধীনে শাস্তিযোগ্য যেই কোন অপরাধসমূহের বিচার সংক্ষিপ্তরূপে ঐ কার্যবিধির অধ্যায় ২২ অনুসারে সম্পন্ন করিতে পারেন।

২৫। **অনুমানযোগ্য কতিপয় বিষয়**।- এই আইনের অধীনে প্রত্যেক মামলায় আদালত নিম্নেবর্ণিত বিষয়সমূহ অনুমান করিবেন –

(ক) কোন খাদ্য যাহা কোন ব্যক্তির নিকট পাওয়া যায়, যিনি ঐরূপ খাদ্য প্রস্তুত, উৎপাদন, সংরক্ষণ, মজুদ, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান বা বিক্রয়ের জন্য প্রদর্শন বা ফেরী করেন বা বিক্রয় করেন বা অভ্যাসমত উহা করিতে ছিলেন, তাহা দ্বারা এইরূপ খাদ্য প্রস্তুত, উৎপাদন, সংরক্ষণ, মজুদ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদান, বা প্রদর্শন বা ফেরী করা হইতেছিল;

(খ) মানুষের ভোগের জন্য সাধারণতঃ ব্যবহার্য যেই কোন খাদ্য যাহা রক্ষণ, মজুদ, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান করা হয়, উহা মানুষের ভোগের জন্য প্রস্তুত, উৎপাদন, সংরক্ষণ, মজুদ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদান বা প্রদর্শন বা ফেরী করা হইতেছিল;

(গ) সাধারণতঃ মানুষের ভোগের জন্য ব্যবহৃত যেই কোন খাদ্য এমন কোন প্রাঙ্গনে পাওয়া যায় যাহা এইরূপ খাদ্য প্রস্তুত, উৎপাদনের জন্য ব্যবহৃত হয়, তাহা মানুষের ভোগের জন্য প্রস্তুত ও উৎপাদন করা হইয়াছিল;

(ঘ) যেই কোন বস্তু যাহা সাধারণতঃ মানুষের ভোগের জন্য ব্যবহৃত খাদ্য প্রস্তুত বা উৎপাদনে ব্যবহার হইবার যোগ্য, যাহা এমন কোন প্রাঙ্গনাদিতে পাওয়া যায়, যেই স্থানে উহা প্রস্তুত বা উৎপাদন হয়, তাহা এইরূপ খাদ্য প্রস্তুত বা উৎপাদনে ব্যবহার হওয়ার জন্য অভিপ্রেত ছিল; এবং

(ঙ) কোন খাদ্য ঐ ধরনের, বস্তুজাত বা গুণগত হইবে না যাহা উহা হইবে বলিয়া বর্ণনা করে, যদি উহাতে কোন প্রকার দ্রব্য বা উহার স্বাভাবিক উপাদানসমূহ আইনে নির্ধারিত পরিমাণে কম থাকে বা বিধিসমূহ লঙ্ঘনপূর্বক উহাতে কোন বাহ্যিক বস্তু সংযোজন করা হইয়া থাকে।

২৬। **ধারা ১৮ এর অধীনে ঘোষণা সাক্ষ্য হিসাবে বিবেচিত হইবে**।- ধারা ১৮ এর উপ-ধারা (৪) এর অধীনে দস্তখতকৃত বা চিহ্নিত কোন ঘোষণা, যেই কোন দণ্ড, বিচার বা এই আইনের অধীনে যেই কোন কার্যবিধিতে উহাতে বর্ণিত ঘটনাসমূহের সাক্ষ্য হিসাবে উপস্থাপিত হইতে পারে।

২৭। **সরকারী বিশ্লেষক এর সার্টিফিকেট উহাতে বর্ণিত বিষয়াদির সাক্ষ্য হইবে।**- (১) এই আইনের অধীনে কোন তদন্ত, বিচার বা অন্যরূপ কার্যবিধিসমূহে, একজন সরকারী বিশ্লেষক কর্তৃক নির্ধারিত ফরমে দস্তখতকৃত একটি সার্টিফিকেট, বিপরীত কিছু প্রমাণিত না হওয়া পর্যন্ত, উহাতে বর্ণিত বিষয়াদি প্রমাণের জন্য যথেষ্ট হিসাবে গণ্য হইবে।

(২) যখন কোন ব্যক্তি এই আইনের অধীনে একটি অপরাধের জন্য অভিযুক্ত হন, তখন তিনি সাক্ষ্য হিসাবে সরকারী বিশ্লেষককে উপস্থিত হওয়ার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করিতে পারেন, যিনি ঐ নমুনা বিশ্লেষণ করিয়াছেন, যাহার প্রেক্ষিতে তিনি অপরাধ করার জন্য অভিযুক্ত হইয়াছেন এবং আদালত ঐ সকল প্রত্যেক ক্ষেত্রে যাহাতে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত হার অনুসারে অর্থ আদালতে জমা করেন, সেই ক্ষেত্রে সরকারী বিশ্লেষককে আদালতে উপস্থিত হইতে নির্দেশ প্রদান করিবেন এবং যদি এইরূপ ব্যক্তি অভিযোগ হইতে মুক্তি পান, তাহা হইলে এইরূপ জমাকৃত যেই কোন অর্থ তাহাকে ফেরত প্রদান করা হইবে।

২৮। **রাসায়নিক পরীক্ষক কর্তৃক বিশ্লেষণ।**- (১) আদালত স্বতঃপ্রবৃত্ত হইয়া বা অভিযুক্ত ব্যক্তির অনুরোধক্রমে যেই কোন খাদ্য বা খাদ্যের নমুনা রাসায়নিক পরীক্ষক এর নিকট প্রেরণের ব্যবস্থা করিতে পরীক্ষক এর নিকট প্রেরণের ব্যবস্থা করিতে পারেন, যিনি উহার প্রেক্ষিতে তাহা বিশ্লেষণ করিয়া দেখিবেন এবং নির্ধারিত ফরমে বিশ্লেষণের ফলাফল আদালতে রিপোর্ট করিবেন এবং আদালত যদি সেইরূপ নির্দেশ প্রদান করেন তাহা হইলে এইরূপ বিশ্লেষণের ব্যয় অভিযুক্ত ব্যক্তি প্রদান করিবেন।

(২) রাসায়নিক পরীক্ষক এর সার্টিফিকেট যতক্ষণ পর্যন্ত বিপরীত কিছু প্রমাণিত না হয়, ততক্ষণ পর্যন্ত উহাতে বর্ণিত বিষয়সমূহ প্রমাণের জন্য যথেষ্ট হইবে।

(৩) কোন ব্যক্তি রাসায়নিক পরীক্ষক এর রিপোর্ট প্রচারণার উদ্দেশ্যে প্রদর্শন বা অন্য কোন ভাবে ব্যবহার করিবেন না।

২৯। **উত্তম পক্ষ সমর্থন কিরূপ হইবে বা হইবে না।**- (১) এই আইনের অধীনে যেই কোন মামলায় এইরূপ অভিযোগ করা কোন উত্তম পক্ষ সমর্থন হইবে না –

(ক) অভিযুক্ত ব্যক্তি খাদ্যের ধরন, বস্তু বা গুণ সম্পর্কে অজ্ঞ ছিলেন; বা

(খ) ক্রেতা শুধু বিশ্লেষণের জন্য ক্রয় করিয়াছেন বিধায় তিনি কোনরূপে বিরূপ ভাবাপন্ন ছিলেন না।

(২) বিক্রেতা এই আইনের অধীনে কোন অপরাধ করিয়াছেন বলিয়া মনে করা হইবে না, যদি তিনি প্রমাণ করেন যে –

(ক) বিক্রিত খাদ্য তাহার দ্বারা এজেন্ট হিসাবে এই মর্মে লিখিত গ্যারান্টিসহ ক্রয় বা সংগ্রহ করা হইয়াছিল যে, উহা ক্রেতা কর্তৃক দাবীকৃত ধরনের, বস্তুজাত বা গুণগত ছিল।

(খ) বিক্রয়ের সময় তাহার পক্ষে এইরূপ বিশ্বাস করার কোন কারণ ছিল না যে, সংশ্লিষ্ট খাদ্য ক্রেতা কর্তৃক দাবীকৃত ধরনের, বস্তুজাত বা গুণগত ছিল না; এবং

(গ) তিনি যেই অবস্থায় উহা ক্রয় করিয়াছিলেন ঠিক ঐ একই অবস্থায় বিক্রয় করিয়াছেন।

(৩) উপ-ধারা (২) এর দফা (ক) এর অধীনে কোন গ্যারান্টি বিক্রেতার পক্ষে গ্রহণযোগ্য হইবে না, যদি না –

(ক) বিক্রেতা তাহার উপর সমন জারির সাত দিনের মধ্যে পরিদর্শকের নিকট গ্যারান্টির একটি কপি এইরূপ বর্ণনাসহ একটি নোটিশ যে, তিনি ইহার উপর নির্ভর করিতে ইচ্ছা করেন এবং তিনি যাহার নিকট হইতে উহা প্রাপ্ত হইয়াছিলেন, সেই ব্যক্তির নাম ও ঠিকানা নির্দিষ্টভাবে উল্লেখসহ প্রেরণ করেন, এবং এইরূপ নোটিশের একটি কপি ঐ ব্যক্তির নিকটও প্রেরণ করেন; এবং

(খ) এই গ্যারান্টি পাকিস্তানে স্থায়ীভাবে বসবাসকারী বা ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি কর্তৃক প্রদান করা হইয়াছে।

(৪) আদালত গ্যারান্টি প্রদানকারীকে সহ-অভিযুক্ত হিসাবে সমন প্রদান করিবেন, যদি উহা বিক্রেতার পক্ষে গ্যারান্টি গ্রহণযোগ্য মনে করেন।

৩০। **সাজা প্রদানের ক্ষেত্রে খাদ্য বাজেয়াপ্তকরণ**।- এই আইনের অধীনে যেই কোন দণ্ড প্রদানের ক্ষেত্রে আদালত এইরূপ আদেশ প্রদান করিতে পারেন যে, দণ্ড প্রদানের সংগে জড়িত খাদ্য উহার সকল মোড়ক বা যেই সকল পাত্রে উহা ছিল, সেইগুলিসহ কেন্দ্রীয় সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে বা সেই আদেশে যেই প্রকারে নির্দেশ করা হয় ঐ প্রকারে নিস্পন্ন করা হইবে।

৩১। **বিশ্লেষণের ব্যয়**।- যখন কোন ব্যক্তি এই আইনের অধীনে দণ্ড প্রাপ্ত হন, তখন আদালত এই নির্দেশ প্রদান করিবে যে, যেই খাদ্য সম্পর্কে দণ্ড প্রদান করা হইয়াছে, উহার বিশ্লেষণ এর জন্য ব্যয়িত সকল ফি এবং প্রাসঙ্গিক অন্যান্য ব্যয়, যাহা কোন অবস্থাতেই ত্রিশ টাকার কম হইবে না, উহা দণ্ড প্রাপ্ত ব্যক্তি কর্তৃক পরিশোধ করা হইবে, ইহা তাহার দণ্ডের সংগে প্রদেয় জরিমানার অতিরিক্ত হইবে এবং এইরূপ ফি এবং ব্যয়ের অর্থ জরিমানা হিসাবে আদায় করা হইবে।

৩২। **অপরাধের বিচার**।- (১) কোন আদালত এই আইনের অধীনে শাস্তিযোগ্য কোন অপরাধ আমলে নিবেন না যদি ঐ অপরাধের সংগে সংশ্লিষ্ট ঘটনাসমূহ পরিচালক বা কেন্দ্রীয় সরকার দ্বারা ক্ষমতা প্রাপ্ত একজন পরিদর্শক কর্তৃক লিখিতভাবে পেশ করা না হয়।

(২) প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অপেক্ষা নিম্নতর কোন আদালত এই আইনের অধীনে কোন অপরাধের বিচার করিবেন না।

## অধ্যায় VI – বিবিধ।

৩৩। **নিরাপত্তা প্রতিবিধান**।- কোন ব্যক্তির বিরুদ্ধে এই আইনের যেই কোন বিধান অনুসরণে কৃত বা করার জন্য অভিপ্রেত, ঐরূপ কোন কিছুর জন্য, যাহা সরল বিশ্বাসে করা হইয়াছে বা এই আইনের কোন বিধান অনুসরণে বা উহার অধীনে প্রণীত বা প্রদত্ত কোন বিধি, আদেশ বা নির্দেশ সম্পর্কে কোন মামলা, অভিযুক্তকরণ বা অন্যান্য আইনগত কার্যবিধি গ্রহণ করা যাইবে না।

৩৪। **পরিদর্শক ইত্যাদি সরকারী কর্মচারী হইবেন**।- একজন পরিদর্শক এই আইনের অধীনে তাহার দায়িত্ব পালনের সময় এবং অন্যান্য সকল ব্যক্তি যাহারা ঐ দায়িত্ব পালনে তাহাকে সহায়তা করিবেন, তাহারা পাকিস্তান ফৌজদারী দণ্ডবিধি (১৮৬০ সনের ৪৫ নং আইন) এর ধারা ২১ এর অর্থের মধ্যে সরকারী কর্মচারী হিসাবে গণ্য হইবেন।

৩৫। **বিধি প্রণয়নের ক্ষমতা**।- (১) কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে এই আইনের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য বিধিসমূহ প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষতঃ এবং পূর্ববর্তী ক্ষমতার সাধারণ বিষয়াদি কোনরূপে ক্ষুণ্ন না করিয়া, এইরূপ বিধিসমূহ নিম্নেবর্ণিত সকল বা যেই কোন বিষয় নিস্পত্তির বিধান করিতে পারে, যথা ঃ-

(ক) খাদ্যের মানদণ্ড, বিবরণ, স্বাভাবিক উপাদানসমূহ এবং গুণ;

(খ) এই আইনের উদ্দেশ্যে যাহারা সরকারী বিশ্লেষক নিয়োজিত হইবেন তাহাদের যোগ্যতা;

(গ) পরিদর্শক হিসাবে নিয়োগযোগ্য ব্যক্তিদের প্রবিধিমালা এবং নিয়োগ যোগ্যতা;

(ঘ) সরকারী বিশ্লেষকগণ কর্তৃক যেই কোন খাদ্য বিশ্লেষণের জন্য অনুসরণীয় পদ্ধতি এবং সার্টিফিকেটের ফরম;

(ঙ) একজন সরকারী বিশ্লেষক কর্তৃক যেই কোন খাদ্য বিশ্লেষণের জন্য প্রদেয় ফি;

(চ) কোন খাদ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে কোন নির্দিষ্ট বস্তু বা উপাদান ব্যবহার নিষিদ্ধকরণ;

(ছ) যেই সকল শর্ত (কোন রং বা অন্য কোন বস্তু সংযোগ করাসহ) সমূহ সাপেক্ষে কোন খাদ্য প্রস্তুত, উৎপাদন, সংরক্ষণ, মজুদ, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদান বা প্রদর্শন করা হইবে;

(জ) এই বিধিমালার অধীনে অনুমোদিত খাদ্যসমূহ ব্যতীত অন্য কোন খাদ্যসমূহ সংরক্ষণ বা মজুদ করা নিষিদ্ধ করণ;

(ঝ) কোন খাদ্য প্রস্তুত, উৎপাদন, মজুদ, মোড়কাবদ্ধকরণ, পরিবহন, বিক্রয়ের জন্য হস্তান্তর বা প্রদর্শন এর প্রক্রিয়ায় পরিষ্কার পরিচ্ছন্ন বা সংক্রমনমুক্ত রাখা এবং এইরূপ প্রস্তুত, উৎপাদন, মজুদ, মোড়কাবদ্ধকরণ, পরিবহন বা হস্তান্তর এর কাজে ব্যবহৃত স্থান, পাত্র, মোড়ক, আবরণ, যন্ত্রপাতি এবং যানবাহনসমূহ পরিষ্কার রাখা;

(ঞ) যেই পদ্ধতিতে পরিচিতি সাঁটিয়া দেওয়া হইবে, যেই ভাষায় পরিচিতি ছাপানো হইবে, এবং বিভিন্ন প্রকারের খাদ্যের জন্য যেই সকল প্রতীক ব্যবহার করা হইবে;

(ট) ধারা ১১ এর অধীনে যেই পদ্ধতিতে এবং যেই সকল শর্ত সাপেক্ষে একটি লাইসেন্স প্রদান করা হইবে;

(ঠ) ধারা ১২ এর অধীনে যেই ফরমে রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে এবং উহাতে যেই সকল বৈশিষ্ট অন্তর্ভুক্ত করিতে হইবে;

(ড) দুগ্ধ খামার রক্ষণাবেক্ষণ এবং দুগ্ধজাত দ্রব্যাদি সরবরাহের শর্তসমূহ;

(ঢ) দুগ্ধ বা অন্য কোন খাদ্যের নমুনা সংগ্রহকারী ব্যক্তিকে বিশ্লেষণ এর উদ্দেশ্যে এইরূপ নমুনায় সংরক্ষক দ্রব্য সংযোজন, যাহাতে উহা বিশ্লেষণ এর উপযুক্ত অবস্থায় থাকে এবং ঐরূপ সংরক্ষক দ্রব্যের ধরন এবং সংযোজন পদ্ধতি সম্পর্কে ক্ষমতা প্রদান;

(ণ) কোন খাদ্য বিক্রয়ের জন্য প্রস্তুত বা উৎপাদনের ক্ষেত্রে কোন দ্রব্য, বস্তু বা উপাদান সংরক্ষক দ্রব্য বা সংযোজন দ্রব্য হিসাবে ব্যবহার বা সংযুক্তি নিষিদ্ধকরণ;

(ত) ধারা ১১ এর অধীনে লাইসেন্স প্রদানের জন্য ফি;

(থ) ধারা ১৩ এর অধীনে একটি স্বাস্থ্য সার্টিফিকেট সংগ্রহ করার ফি;

(দ) একজন সহকারী বিশ্লেষককে সমন প্রদানের জন্য কোর্টে জমা করা প্রয়োজনীয় ফি;

(ধ) যেই পদ্ধতিতে বিক্রয়যোগ্য পচনশীল খাদ্য দূষণ হইতে সংরক্ষণ করা হইবে; এবং

(ন) অন্য যেই কোন বিষয় যাহা নির্ধারণ করা হইবে বা হইতে পারে।